

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২৫.১৯.২১

তারিখ: ১০ মাঘ ১৪৩০

২৪ জানুয়ারি ২০২৪

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,

বিষয়: "বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর উন্নয়ন (১ম পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন।

সূত্র: পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০২.০০০০.০১৬.১৪.০৬৮.১৭ (অংশ-২).৭৮৭; তারিখ: ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রি.

আমি নিম্নস্বাক্ষরকারী, পরিকল্পনা কমিশনের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ৮৯৬৫২.০০ লক্ষ (আটশত ছিয়ানব্বই কোটি বায়ান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নধীন "বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর উন্নয়ন (১ম পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক অনুমোদিত প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ০২ (দুই) বছর অর্থাৎ '০১ জুলাই ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩' এর পরিবর্তে '০১ জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২৫' পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছি:

শর্তাবলি:

- (ক) প্রকল্পের মেয়াদ আর বৃদ্ধি করা যাবে না এবং ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে;
- (খ) প্রকল্পের চলমান ভৌতকাজ ত্বরান্বিতকরণের লক্ষ্যে নিয়োজিত ঠিকাদারের মবিলাইজেশন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (গ) নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে এবং এ লক্ষ্যে মন্ত্রণালয়/সংস্থার তদারকি জোরদার করতে হবে;
- (ঘ) প্রকল্প সম্পর্কিত তথ্যাদি আইএমইডি'র পিএমআইএস (PIMS)-এ হালনাগাদ এন্ট্রি করে এ সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে;
- (ঙ) প্রকল্প সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

আপনার বিশ্বস্ত,

১৪-১-২০ ১৪

আহমেদ শিবলী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৮১৪৮৪
ইমেইল:
planning.sec3@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০২৫.১৯.২১/১(১৪)

তারিখ: ১০ মাঘ ১৪৩০
২৪ জানুয়ারি ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) সচিব, অর্থ বিভাগ
- ৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৪) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৭) উপাচার্য, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর, ঢাকা (পত্রে উল্লেখিত শর্তাবলির আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাসময়ে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৮) প্রকল্প পরিচালক,
- ৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ১৪) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৪-১-২০ ১৪

আহমেদ শিবলী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)